

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৪.১৭/১১-মুসক/২০১৭।— মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে বোর্ড, আইনের প্রথম তফসিলের প্রথম খন্ডের দফা ১৬ এর ক্রমিক নং ৯ এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নরূপ বিধি প্রণয়ন করিল, যথা:-

২। Customs Act, 1969 (Act No. IV of 1969) এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নে বিধৃত টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত যথাক্রমে Heading No. এবং H.S. Code এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহের সরবরাহ পর্যায়ে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর অব্যাহতির বিধান কার্যকরকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালনীয় হইবে, যথা:-

টেবিল

Heading No. (১)	H.S. Code (২)	Description (৩)
15.07 15.18	সংশ্লিষ্ট H.S. Code	পরিশোধিত সয়াবিন তেল
15.11 15.18	সংশ্লিষ্ট H.S. Code	পরিশোধিত পাম অয়েল

শর্তঃ

(১) প্রত্যেক উৎপাদনকারী প্রতি কর মেয়াদে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৬৪ মোতাবেক দাখিলপত্র পেশকালে প্রযোজ্য ক্ষেত্রে নিম্নবর্ণিত ছকে তথ্যাদি পূরণপূর্বক সংশ্লিষ্ট কমিশনারের কার্যালয়ে দাখিল করিবেন, যথা:-

ছক

ক্রমিক নং	ইন বন্ড বি/ই নং ও তারিখ	ইন বন্ডকৃত পণ্যের পরিমাণ	ক্রমিক নং	আউট বন্ড বি/ই নং ও তারিখ	আউট বন্ডকৃত পণ্যের পরিমাণ

উল্লেখ্য, দাখিলপত্র অনলাইনে পেশ করিলে ছকে বর্ণিত তথ্যাদি কাগুজে পদ্ধতিতে আলাদাভাবে করমেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে দাখিল করিতে হইবে।

(২) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে সংশ্লিষ্ট উৎপাদনকারীগণ অনুচ্ছেদ-২ এ উল্লিখিত তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিলসহ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৬৪, ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণ এবং কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিবেন। অন্যথায় তিনি এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবেন না।

(৩) উপরি-উক্ত মূল্য সংযোজন কর অব্যাহতি সুবিধা আগামী ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান